গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৩.৫৩.০৩৬.২২-৭২৯ তারিখ : ১৬ মে ২০২৪

# পরিপত্র

**বিষয় : হুটার, হাইড্রোলিক হর্ন ও অন্যান্য অননুমোদিত হর্ন মোটরযানে ব্যবহার না করা প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ এর বিধি-৮১ অনুযায়ী অ্যাম্বুলেন্স, অগ্নিনির্বাপক বা উদ্ধারকাজের উদ্দেশ্যে ব্যবহৃত মোটরযান অথবা রাষ্ট্রীয় জরুরি কাজে ব্যবহৃত মোটরযান ব্যতীত অন্য যে কোনো মোটরযানে পরপর বিভিন্ন সুর প্রদানকারী বহুমুখী হর্ন অথবা তীব্র, কর্কশ, আকস্মিক, বিকট বা ভীতিকর শব্দের হর্ন বা যন্ত্র সংযোজন বা ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। এ ধরনের অননুমোদিত হর্ন স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি করা ছাড়াও চালকগণকে বেপরোয়া ও দ্রুতগতিতে মোটরযান চালাতে উৎসাহিত করে, এর ফলে সড়ক দুর্ঘটনার আশংকা বৃদ্ধি পায়। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু মোটরযানে হুটার, হাইড্রোলিক হর্ন ও অন্যান্য অননুমোদিত হর্ন সংযোজন করে ব্যবহার করার ফলে গণ উপদ্রবের সৃষ্টি হচ্ছে, যা আইনত দন্ডনীয় অপরাধ।

২। এমতাবস্থায়, অ্যাম্বুলেন্স, অগ্নিনির্বাপক বা উদ্ধারকাজের উদ্দেশ্যে ব্যবহৃত মোটরযান অথবা রাষ্ট্রীয় জরুরি কাজে ব্যবহৃত মোটরযান ব্যতীত অন্য যে কোনো মোটরযানে পরপর বিভিন্ন সুর প্রদানকারী বহুমুখী হর্ন অথবা তীব্র, কর্কশ, আকস্মিক, বিকট বা ভীতিকর শব্দের হর্ন অর্থাৎ হুটার, হাইড্রোলিক হর্ন ইত্যাদি যন্ত্র সংযোজন বা ব্যবহার করা থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অন্যথায়, এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬/০৫/২৪

**নুর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান (গ্রেড-১)
ফোন : ০২-৫৫০৪০৭১১
ই-মেইল : chairman@brta.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ৬ ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
২। মহাপরিচালক (১ম গ্রেড), পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। বিভাগীয় কমিশনার, ..........................................................................................(সকল)।
৪। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, মিন্টো রোড, ঢাকা।
৫। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, ৩৪, শাহজালাল এভিনিউ, সেক্টর # ৪, উত্তরা, ঢাকা।
৬। উপ-মহাপুলিশ পরিদর্শক, ...............................................................................(সকল)।
৭। পুলিশ কমিশনার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/খুলনা/রংপুর/গাজীপুর মেট্রোপলিটন পুলিশ।
৮। পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
৯। জেলা প্রশাসক,..............................................................................................(সকল)।
১০। পুলিশ সুপার, .............................................................................................(সকল)।
১১। পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ বিভাগীয় কার্যালয়......................................(সকল)।
১২। উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ ..........................মেট্রো সার্কেল..................(সকল)।
১৩। সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ..................সার্কেল.....................................(সকল)।
১৪। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা [পত্রটি বিআরটিএ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৫। মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ইউনিক হাইটস বিল্ডিং (৪র্থ তলা), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ওর্নাস এসোসিয়েশন, ২৫৭/ক, বাগবাড়ী, হাজী আহসান উল্লাহ কমপ্লেক্স, মিরপুর-১, ঢাকা।
১৭। সভাপতি, বাংলাদেশ ট্রাক কাভার্ডভ্যান মালিক সমিতি, ২৩৫, মসজিদ মার্কেট (৪র্থ তলা), তেজগাঁও, ট্রাক টার্মিনাল, ঢাকা।
১৮। সভাপতি, চট্টগ্রাম প্রাইম মুভার ওনার্স এ্যাসোসিয়েশন, চট্টগ্রাম।
১৯। সভাপতি, সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।

**অ: পৃ: দ্র:**

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
৬। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।